

জানুয়ারি ২০০৯ - ফেব্রুয়ারি ২০১৮ সময় পর্যন্ত ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর উল্লেখযোগ্য উন্নয়ন এবং
জনকল্যাণমূলক কাজের বিবরণ:

কৌশলগত পরিবহন পরিকল্পনা:

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার জনসংখ্যা ও নগরায়ন বৃদ্ধি পাওয়ায় গাজীপুর ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সৃষ্টি হয়েছে এবং ঢাকা সিটি কর্পোরেশনকে উত্তর-দক্ষিণ দু'ভাগে ভাগ করা হয়েছে ও পরিধি বৃদ্ধি পেয়েছে। ঢাকার চারিদিকে নতুন নতুন উপ-শহর সৃষ্টি করা হয়েছে। এ সকল কারণে ২০০৫ সালে প্রণীত (Strategic Transport Plan (STP) সংশোধন ও হালনাগাদ করে সংশোধিত STP প্রণয়ন করা হয়েছে যা গত ২৯ আগস্ট ২০১৬ তারিখ মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হয়েছে।

উন্নয়নমূলক কার্যক্রম:

মেট্রোরেল লাইন-৬:

ঢাকা মহানগরীর যানজট নিরসনে দ্রুত, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত ও পরিবেশ বান্ধব আধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্যে ২১,৯৮৫.০৮ কোটি টাকা (জিওবি ৫,৩৯০.৪৯ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ১৬,৫৯৪.৫৯ কোটি টাকা) ব্যয়ে উত্তরা ওয় ফেইজ হতে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬ স্টেশন বিশিষ্ট উভয়দিকে ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম এলিভেটেড Mass Rapid Transit (MRT) Line-6 (বাংলাদেশে প্রথম মেট্রোরেল) বাস্তবায়নের কাজ চলছে। প্রকল্পটি ২০১২-২০২৪ পর্যন্ত মেয়াদে গ্রহণ করা হলেও পরবর্তীতে বিশেষ উদ্যোগে উত্তরা-আগারগাঁও পর্যন্ত অংশ ২০১৯ সনের মধ্যে এবং বাংলাদেশ ব্যাংক পর্যন্ত সম্পূর্ণ অংশ ২০২০ সনের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এমআরটি লাইন-৬ এর কাজ ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী ২৬ জুন ২০১৬ তারিখ MRT Line-6 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন।

মেট্রোরেল লাইন-১:

এয়ারপোর্ট-খিলক্ষেত-কুড়িল-বারিধারা-বাড্ডা-রামপুরা-মালিবাগ-মৌচাক-কমলাপুর এবং রাজারবাগ-খিলক্ষেত-পূর্বাচল-কাঞ্চন সেতু পর্যন্ত ২৬.৬০ কিলোমিটার দীর্ঘ (এলিভেটেড ১০.২০ কিলোমিটার ও আন্ডারগ্রাউন্ড ১৬.৪০ কিলোমিটার) MRT Line-1 নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলছে। Engineering Service এর মাধ্যমে Detail Design প্রণয়নের জন্য গত ২৯ জুন ২০১৭ তারিখ উন্নয়ন সহযোগী JICA 'র সাথে ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। এটি বাংলাদেশের প্রথম পাতাল রেল।

মেট্রোরেল লাইন-৫:

২০.৮০ কিলোমিটার (এলিভেটেড ৬.০০ কিলোমিটার ও আন্ডারগ্রাউন্ড ১৪.৮০ কিলোমিটার) দীর্ঘ MRT Line-5 [রুট (উত্তরাংশ): হেমায়েতপুর-মিরপুর-টেকনিক্যাল-গাবতলী-মিরপুর ১০-বনানী- চকুক্ষেত-গুলশান-২ নতুন বাজার ভাটারা] নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলছে। সম্পূর্ণ আন্ডারগ্রাউন্ড MRT Line-5 [রুট (দক্ষিণাংশ): গাবতলী-ধানমন্ডি-পাছপথ-হাতিরঝিল লিংক রোড-নগরপাড়া] নির্মাণের লক্ষ্যে বৈদেশিক অনুদানে প্রাক-সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে।

ক্লিয়ারিং হাউজ প্রতিষ্ঠা:

ঢাকা শহরের গণপরিবহন ব্যবস্থা সুসংহত এবং Automatic Fare Collection System প্রচলন ও Fare Collection System Integration করার লক্ষ্যে ২০ মে ২০১৪ তারিখ Clearing House প্রতিষ্ঠা করা হয়। ইতোমধ্যে ৬০,০০০ র্যাপিড পাস সংগ্রহ করা হয়েছে। বিআরটিসি এবং একটি প্রাইভেট কোম্পানীর বাসের উত্তরা-মতিঝিল রুটে এবং গুলশানে ঢাকা ঢাকা বাসে র্যাপিড পাসের মাধ্যমে ভাড়া আদায় করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী ৪ জানুয়ারি ২০১৮ তারিখ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'র্যাপিড পাস' শুভ উদ্বোধন করেন।

ট্রাফিক ব্যবস্থাপনা:

ঢাকা মহানগরীর ৪টি ইন্টারসেকশনে আধুনিক Intelligent Traffic System (ITS) ব্যবহার করে ট্রাফিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ৩৭,৭১ কোটি টাকা (জিওবি ২৫,৯৫ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ১১,৭৬ কোটি টাকা) ব্যয়ে Dhaka Integrated Traffic Management কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় গুলিস্তান, পল্টন, মহাখালী ও গুলশান-১ ইন্টারসেকশনের উন্নয়ন করা হচ্ছে।

Technical Assistance to DTCA Project

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩৩.৯৬ কোটি টাকা (জিওবি ৮.৭০ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ২৫.২৫ কোটি টাকা) ব্যয়ে Technical Assistance to DTCA কারিগরী সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান ২৩ মে ২০১৭ তারিখ খসড়া Inception Report দাখিল করেছে। প্রকল্পের প্রধান কম্পোনেন্ট নিম্নরূপ:

- DTCA General Capacity Building.
- Traffic and Parking Management Capacity Building.
- Public Space Central Areas Development Capacity Building.
- Dhaka Bus Network Restructuring Capacity Building.

ডিটিসিএ অফিস ভবন নির্মাণ

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর অফিস নির্মাণের জন্য ১৩৯ কোটি টাকা ব্যয়ে ২টি বেজমেন্টসহ ১৩তলা বিশিষ্ট নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে ঠিকাদার প্রতিষ্ঠান National Development Engineers Ltd কে গত ০৪ জুন ২০১৭ তারিখ কার্যাদেশ প্রদান করা হয়েছে। ডিটিসিএ মূল ভবনের জায়গা হতে মেকানিক্যাল ওয়ার্কসপ, মসজিদ স্থানান্তরের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। বিদ্যুৎ লাইন, ওয়াসার পানির লাইন স্থানান্তর করা হয়েছে। ২৪৯টি শোর পাইলের মধ্যে ২৪৯টিরই কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে শোর পাইলের উপরিভাগ ভেঙ্গে শোর পাইলের টাইবিম স্থাপনের কাজ চলছে। সয়েল টেষ্টের উপর ভিত্তি করে পুনরায় লোড টেষ্টের জন্য টেষ্ট পাইলের ঢালাই সম্পন্ন হয়েছে। ডিসেম্বর ২০১৭ পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি ৩.৫%।

নির্মল বায়ু টেকসই পরিবেশ প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম:

Bus Rapid Transit (BRT) Line-3:

২০০৯ সালে ডিটিসিএ ৫২.৮৫ কোটি টাকা (জিওবি ১.৩৮ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ৫২.৮৫ কোটি টাকা) ব্যয়ে নির্মল বায়ু টেকসই পরিবেশ প্রকল্প (ডিটিসিএ অঙ্গ) গ্রহণ করে। প্রকল্পের আওতায় হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমানবন্দর হতে বুড়িগঙ্গা নদীর দক্ষিণে কেরানীগঞ্জের বিলম্বিত পর্যন্ত ২২ কিলোমিটার দীর্ঘ BRT Line-3 নির্মাণের জন্য Detail Engineering Design কাজ সমাপ্ত হয়েছে। BRT Line-3 বাস্তবায়িত হলে উভয়দিকে প্রতিঘন্টায় ৩০,০০০ (ত্রিশ হাজার) যাত্রী স্বাচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে যাতায়াত করতে পারবে। এ রুটে প্রস্তাবিত স্টেশনের সংখ্যা ১৬টি। BRT Line-3 এবং সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন গাজীপুর হতে হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত BRT রুটের আন্তঃসংযোগের ব্যবস্থা রাখা হয়েছে। এতে নিরবচ্ছিন্নভাবে গাজীপুর হতে বিলম্বিত পর্যন্ত BRT System ব্যবহার করে যাতায়াত করা যাবে।

জনকল্যাণ:

পরিবহন সংশ্লিষ্ট উন্নয়ন পরিকল্পনা সমন্বয়

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর প্রধান দায়িত্ব এর আওতাভুক্ত এলাকার পরিবহন সংশ্লিষ্ট সকল উন্নয়ন পরিকল্পনা অনুমোদন, সমন্বয় ও পরিবীক্ষণ। ২০১৫-২০১৬ অর্থ-বছরে বিভিন্ন সংস্থা কর্তৃক প্রস্তাবিত ডিটিসিএ পরিবহন সংশ্লিষ্ট ৬টি এবং ২০১৬-২০১৭ অর্থ-বছরে ৪টি প্রকল্প গ্রহণে অনাপত্তি প্রদান করেছে।

Traffic Circulation সংক্রান্ত নকশা অনুমোদন

ডিটিসিএ অধিভুক্ত এলাকায় কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ১০ (দশ) তলার উর্ধ্বে আবাসিক ও বাণিজ্যিক ভবন নির্মাণ ও আবাসিক প্রকল্প গ্রহণ করতে হলে ডিটিসিএ হতে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নকশার অনুমোদন গ্রহণ করা বাধ্যতামূলক। ২০১৫-২০১৬ অর্থবছরে ডিটিসিএ দশ তলার উর্ধ্বে আবাসিক ও বাণিজ্যিক ভবন নির্মাণের নিমিত্ত ৭৮টি আবেদনের Traffic Circulation সংক্রান্ত নকশা অনুমোদন এবং ৫টি হাউজিং প্রকল্প গ্রহণের জন্য অনাপত্তি প্রদান করেছে। ২০১৬-২০১৭ অর্থবছরে দশ তলার উর্ধ্বে আবাসিক ও বাণিজ্যিক ভবন নির্মাণের নিমিত্ত ৭০টি আবেদনের Traffic Circulation সংক্রান্ত নকশা অনুমোদন করেছে এবং একই সময়ে ৪টি হাউজিং প্রকল্প গ্রহণের জন্য অনাপত্তি প্রদান করেছে।

প্রশিক্ষণ/মানবসম্পদ উন্নয়ন

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক ও পরিবহন সংশ্লিষ্ট অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/প্রতিষ্ঠানের ৬১৯ (ছয়শত উনিশ) জন কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা ও সক্ষমতা উন্নয়ন এবং ৬০০ (ছয়শত) জন পেশাদার গাড়িচালকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০১০-২০১১ অর্থ বছর হতে ২০১৬-২০১৭ অর্থ বছর পর্যন্ত মোট ৩৮ (আটত্রিশ) টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদযাপন

“যানজট ও দূষণমুক্ত নগরায়নের প্রয়োজন গণপরিবহন ব্যবস্থার উন্নয়ন ও ব্যক্তিগত গাড়ির ব্যবহার নিয়ন্ত্রণ” শ্লোগানে ব্যক্তিগত গাড়ি ব্যবহার নিরুৎসাহিত করার লক্ষ্যে ২০১৬ সাল হতে প্রতি বছর ২২ সেপ্টেম্বর বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদযাপন করা হচ্ছে।

অন্যান্য:

ডিটিসিএ কর্মকর্তা ও কর্মচারি নিয়োগ বিধিমালা

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর কর্মকর্তা ও কর্মচারি নিয়োগ বিধিমালা ২০১৭ এর খসড়া প্রণয়ন করা হয়েছে।

আইন ও বিধিমালা প্রণয়ন

আধুনিক গণপরিবহন ব্যবস্থা মেট্রোরেল নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষনের জন্য মেট্রোরেল আইন ২০১৫ মহান জাতীয় সংসদে পাস হয়েছে এবং ২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

মেট্রোরেল বিধিমালা ২০১৬ প্রণয়ন করা হয়েছে এবং গত ৩ নভেম্বর ২০১৬ তারিখ গেজেটে প্রকাশিত হয়েছে।

বাংলাদেশে মেট্রোরেল এর জন্য কারিগরি মান ডিসেম্বর ২০১৪ অনুমোদন করা হয়েছে।

বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) আইন-২০১৬ মহান জাতীয় সংসদে পাস হয়েছে এবং গত ২২ ডিসেম্বর ২০১৬ তারিখ গেজেটে প্রকাশিত হয়েছে।

ডিটিসিএ'র রাজস্ব খাতে পদ সৃজন

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর কাজের পরিধি বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান ৬৪ জন জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামো পুনর্গঠিত করে ২১০ এ উন্নীত করার কাজ প্রক্রিয়াধীন হয়েছে। নতুনভাবে ১৪৬ জনবল সৃজনের প্রস্তাব বর্তমানে সচিব কমিটিতে উপস্থাপনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।